যুগান্তর

তারিখ 15 OCT 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৬

# জবিতে শিক্ষার মান বাড়ছে

## —ইউজিসি চেয়ারম্যান

**জবি প্রতিনিধি**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান দিন দিন বৃদ্ধি পেয়েছে। শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে রসায়ন বিভাগের উদ্যোগে দিনব্যাপী 'বিশ্ব সংহতির জন্য রসায়ন' শীর্ষক প্রথম সিম্পোজিয়ামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জবির রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শাহ্জাহানের সভাপতিত্বে বক্তব্য রাখেন, জবি ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমান, মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি ও বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয় পরিষদের প্রেসিডেন্ট অধ্যাপক ড. মো. আলাউদ্দীন, ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মাদ ইউসুফ আলী মোল্লা প্রমুখ।